

১৩০

জেলা পরিষদ, ফেনী

তারিখ: ২১/৮/১৩	ক্রমিক নং: ১৭১
সচিব <input type="checkbox"/>	সহঃ প্রকৌশলী <input type="checkbox"/>
অতিরিক্ত সচিব <input type="checkbox"/>	উপঃ সহঃ প্রকৌশলী <input type="checkbox"/>
সিনিয়র সচিব (প্রশাসনিক) <input type="checkbox"/>	উঃ সহঃ (কাঃ) <input type="checkbox"/>
সিনিয়র সচিব (প্রশাসনিক) <input type="checkbox"/>	সার্ভেয়ার <input type="checkbox"/>

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ফেনী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(জেলা পরিষদ শাখা)

স্মারক নং-৪৬.০৪২.০৩৩.০২.০০.১৪৬.২০১১. ২৪০৬

তারিখ: ২০-০৬-২০১১ খ্রিস্টাব্দ  
০৬-০২-১৪১৮ বঙ্গাব্দ।

বিষয়: জেলা পরিষদের মাধ্যমে অডিটরিয়াম, ডাকবাংলো এবং অন্যান্য চলমান প্রকল্প বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের অনুকূলে এতিপি থেকে বরাদ্দকৃত এবং এতিপি সংশ্লিষ্ট বরাদ্দের আওতায় মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শক্রমে যে সকল প্রকল্প গ্রহণ করা হচ্ছে তার অধিকাংশ প্রকল্পই ৫০,০০০/- হতে ১,০০,০০০/- টাকা মূল্যমানের। এ ধরনের ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প গ্রহণের ফলে জেলা পরিষদ কর্তৃক প্রতি অর্থ বছরেই বিপুল পরিমাণ প্রকল্প বাস্তবায়ন করা হলেও উল্লেখযোগ্য কোন কর্মকাণ্ড দৃশ্যমান হয়না। জেলা পরিষদের ভাবমূর্তি বজায় রাখার স্বার্থে এতিপি বরাদ্দে ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প গ্রহণের প্রচলন পরিহার করে দৃশ্যমান প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, জেলা পরিষদের ভাবমূর্তি বজায় রাখার স্বার্থে এতিপি বরাদ্দে ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প গ্রহণের প্রচলন পরিহার করে মাননীয় সংসদ সদস্যগণের সাথে আলোচনা সাপেক্ষে দৃশ্যমান প্রকল্প গ্রহণের উদ্যোগ নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
২০/৬/২০১১  
(ছুবাইনা মাসরীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৭১৬৯২৭৪  
Email-igzp@igd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, .....সকল।

অনুলিপি:

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭৫